# জে এস সি পরীক্ষা - ২০২০ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ বাংলা   বিষয় কোড: ১০১

### সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

[বি:দ্র: গদ্য ও কবিতা অংশ থেকে ২টি করে মোট ৪টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে।   ১০×৪=৪০

১.▶ পিয়ারী কিছুতেই শ্রীকান্তকে শ্মশানে যেতে দিবে না। তার দৃঢ় বিশ্বাস শ্মশানে ভূত থাকে। শনিবারের অমাবস্যায় শ্মশানে গেলে প্রাণ নিয়ে আর ফিরে আসা যায় না। কিন্তু শ্রীকান্তের ভীষণ জেদ। পিয়ারীর শত অনুরোধ উপেক্ষা করে সে বন্দুক হাতে ভূতের সন্ধানে শ্মশানের দিকে রওয়ানা হয়।

ক. 'উইল' শব্দটির অর্থ কী? ১

খ. 'পরেশ তোমার মামার উপযুক্ত ছেলেই বটে'-পরশের ডাক্তার এ কথা কেন বলেছিল? ২

গ. উদ্দীপকের পিয়ারী চরিত্রটি কোন দিক থেকে 'তৈলচিত্রের ভূত' গল্পের নগেন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের শ্রীকান্ত এবং 'তৈলচিত্রের ভূত' গল্পের পরাশর ডাক্তার একই চেতনার মানুষ"— মূল্যায়ন করো। ৪

২. হরিণ ছানা চবুকে পেয়ে বাড়ির ছোট ছেলেটি খুব খুশি। নিয়মিত খাবার দেওয়া, গায়ে মাথায় হাত বুলানো যেন ছেলেটির পরম তৃপ্তির বিষয়। বাড়ির অন্যরা অবশ্য চবুর বেড়ে ওঠার অপেক্ষা করে। বড় হলেই জবাই করে চবুর মাংস বিক্রি করা যাবে। কিন্তু বাড়ির ছোট ছেলেটি ভাবে, কী করে চবুকে বনে রেখে আসা যায়। অবশ্যই একদিন সকলের দৃষ্টি এড়িয়ে ছেলেটি চবুকে বনে রেখে আসতে সক্ষম হয়।

ক. ব্যাধের ব্যবসা কোনটি? ১

খ. সবাই বকশিশ পেলেও অতিথি পেল না কেন? ২

গ. উদ্দীপকের ছেলেটির কাজে 'অতিথির স্মৃতি' গল্পের কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. "চেতনাগত সাদৃশ্য থাকলেও উদ্দীপকের ছেলেটি এবং 'অতিথির স্মৃতি' গল্পের লেখকের অবস্থাগত পার্থক্য ব্যাপক"- বক্তব্যটির সার্থকতা বিচার করো। ৪

৩. ★ তৌহিদ বিদেশে অবস্থানকালে দেখেছেন যন্ত্রে তৈরি সামগ্রীর চেয়ে হাতে তৈরি পণ্য বিদেশিরা বেশি পছন্দ করে। কিন্তু দেশে এসে বাণিজ্য মেলায় গিয়ে তিনি দেখেন অধিকাংশ ক্রেতা দেশি কারিগরদের হাতে তৈরি চমৎকার সব পণ্যের দিকে ফিরেও তাকাচ্ছে না। বিদেশি স্টলগুলোর কলে তৈরি চটকদার সব জিনিস কেনার জন্যে হুমড়ি খেয়ে পড়ছে। দেশীয় পণ্যের প্রতি এমন অবহেলায় তৌহিদ ভীষণ ব্যথিত হলেন।

ক. লোকশিল্প কাকে বলে? ১

খ. জামদানি শাড়িকে গর্বের বস্তু বলা হয়েছে কেন? ২

গ. উদ্দীপকের ক্রেতাদের আচরণ 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের কোন দিকটিকে প্রতিফলিত করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "তৌহিদের মনোভাব 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের লেখকের প্রত্যাশারই প্রতিফলন"— মূল্যায়ন করো। ৪

## খ অংশ — কবিতা

৪. ▶ (i) স্বার্থমগ্ন যেজন বিমুখ বৃহৎ জগৎ হতে
সে কখনো শেখেনি বাঁচিতে।

(ii) পরের কারণে স্বার্থ দিয়া বলি, এ জীবন মন সকলি দাও
তার মত সুখ কোথাও কি আছে, আপনার কথা ভুলিয়া যাও।

ক. যমদূতের মতো কে উপেনের কাছে হাজির হলো? ১

খ. 'নমোঃ নমোঃ নমোঃ সুন্দরী মম জননী বঙ্গভূমি' বলতে কী বুঝানো হয়েছে? ২

গ. উদ্দীপক (i) এর ভাবার্থ 'দুই বিঘা জমি' কবিতার কোন চরিত্রের মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'দুই বিঘা জমি'র জমিদার যদি উদ্দীপক (ii) এর শিক্ষা গ্রহণ করত তাহলে উপেনকে সন্ন্যাসী হয়ে দেশে দেশে ঘুরে বেড়াতে হতো না" মন্তব্যটির সত্যতা যাচাই করো। ৪

https://teachingbd24.com

৫. ▶ যত বীর, যত মহামানব জগতে এসেছে, তারে
জঠরে ধরেছে, পালন করেছে স্তন্যদুগ্ধ ধারে।
সে যে নারী, সে যে মাতা মহিয়সী
কোথায় তুলনা তার?
সর্বংসহা জননী, শ্রেষ্ঠ সৃষ্টি সে বিধাতার।

ক. ইতিহাসে কোনটি লেখা নেই? ১

খ. কবি কোন যুগকে বাসি বলেছেন এবং কেন? ২

গ. উদ্দীপকে 'নারী' কবিতার কোন ভাবের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. আর কোন কোন দিক উল্লেখ থাকলে উদ্দীপকটি 'নারী' কবিতার সামগ্রিক প্রতিচ্ছবি হয়ে উঠতে পারতো? বিশ্লেষণ করো। ৪

৬. ▶ (i) নমঃ নমঃ নমঃ বাংলাদেশ মম
চির মনোরম চির মধুর
বুকে নিরবধি বহে শত নদী
চরণে জলধির বাজে নূপুর।

(ii) তবু হায় ভুলে যাই বারে বারে,
দূরে এসে ঘর চাই বাঁধিবারে-
আপনার বাঁধা ঘরতে কি পারে ঘরের বাসনা মিটাতে।
প্রবাসীর বেশে কেন ফিরি হায় চির জনমের ভিটাতে।

ক. নরকুলে ধন্য কে? ১

খ. কবি নিজেকে দাস মনে করেছেন কেন? ২

গ. উদ্দীপক (i) কোন দিক দিয়ে 'বঙ্গভূমির প্রতি' কবিতার কবির অনুভূতির সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপক (ii) যেন 'বঙ্গভূমির প্রতি' কবিতার মর্মবাণীকেই ধারণ করে আছে।" বক্তব্যের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

## নির্মিতি অংশ—৩০

৭. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫×১=৫

ক. সারমর্ম লেখো:

★ এই যে বিটপি- শ্রেণি হেরি সারি সারি-
কি আশ্চার্য শোভাময় যাই বলি হারি।

Teachingbd24.com
https://teachingbd24.com

কেহ বা সরল সাধু হৃদয় যেমন,
ফলভারে নত কেহ গুণীর মতন।
এদের স্বভাব ভালো মানবের চেয়ে,
ইচ্ছা যার দেখ দেখ জ্ঞান চক্ষে চেয়ে।

খ. **সারাংশ লেখো:**

একজন মানুষ ভালো কি মন্দ আমরা তা বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। সে ভদ্র কি অভদ্র তাও বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। ব্যবহার ভালো হলে লোকে তাকে ভালো বলে। ব্যবহার খারাপ হলে লোকে তাকে খারাপ বলে। তাকে অপছন্দ করে। তার সঙ্গে মিশতে চায় না, তার সঙ্গে কাজ করতে চায় না, তাকে কাছে ডাকতে চায় না, তোমার ব্যবহার দিয়েই তোমার মনুষ্যত্বের পরিচয়।

Teachingbd24.com

**৮. ভাবসম্প্রসারণ করো: (যেকোনো একটি)** **৫×১=৫**

ক. সঙ্গ দোষে লোহা ভাসে।

খ. করিতে পারি না কাজ
সদা ভয় সদা লাজ
সংশয়ে সংকল্প সদাটলে
পাছে লোকে কিছু বলে।

**৯. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** **৫×১=৫**

ক. তোমার বন্ধু রেজার মা হঠাৎ মারা গেছেন। তাকে সান্ত্বনা জানিয়ে একটি চিঠি লেখো।

খ. শিক্ষা সফরের গুরুত্ব উল্লেখ করে তোমার বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট শিক্ষা সফরে যাওয়ার অনুমতি চেয়ে একটি আবেদনপত্র লেখো।

**১০. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** **১৫×১=১৫**

ক. কর্মমুখী শিক্ষা

খ. পাঠাগারের প্রয়োজনীয়তা

গ. মুক্তিযুদ্ধ যাদুঘর

# বাংলা

বিষয় কোড: ১ ০ ১

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. রামায়ণে বর্ণিত রাবণের ছোট ভাইয়ের নাম কী?
ⓚ লক্ষ্মণ ⓚ ঋষি
ⓖ কুম্ভকর্ণ ⓖ পুয়াল

২. ★ 'আজও' শব্দের সাধুরূপ কোনটি?
ক) আজিও খ) অদ্যাপি
গ) আজিকে ঘ) অদ্যপি

৩. ★ লাইব্রেরির পুরনো ক্যালেন্ডারে উল্লেখ রয়েছে—
i. ডিসেম্বর মাস ii. নভেম্বর মাস
iii. চৈত্র মাস
নিচের কোনটি সঠিক?
ক) i খ) iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৪. ★ উচ্চারণ স্থান অনুযায়ী র, ষ কোন বর্ণের অন্তর্গত?
ক) তালব্য বর্ণ খ) ওষ্ঠ বর্ণ
গ) দন্ত্যবর্ণ ঘ) মূর্ধন্য বর্ণ

৫. ★ 'দুই বিঘা জমি' কবিতায় বঙ্গের বধূর কোন রূপটি ফুটে উঠেছে?
ক) স্নেহময়ী খ) নিলাজ
গ) কুলটা ঘ) বিলাসিনী

৬. ঈ+ই=ঈ এই নিয়মে সন্ধিজাত শব্দ কোনটি?
ক) শ্রীশ খ) শচীন্দ্র
গ) অধীনশ্বর ঘ) পৃথিবীশ্বর

৭. ★ কাঁসার বাসন-কোসনের গায়ে ফুটে ওঠে—
i. ফুলপাতার নকশা
ii. জীব জন্তুর নকশা
iii. ফরমাশকারীর নাম খোদাই
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) in ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৮. শ্রেণিবাচক বিশেষ্যের সাথে আপাত মিল লক্ষ্য করা যায় নিচের কোন বিশেষ্যের সাথে?
ক) সংজ্ঞাবাচক খ) সমষ্টিবাচক
গ) গুণবাচক ঘ) ভাববাচক

৯. 'বঙ্গভূমির প্রতি' কবিতায় 'দৈবের বশে' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) অসচেতনভাবে খ) হঠাৎ করে
গ) দেবতার কৃপায় ঘ) ভাগ্যক্রমে

১০. নিচের কোনটি সাধিত ধাতু?
ক) দেখা খ) পড়্
গ) হাস ঘ) জম্

১১. 'পড়ে পাওয়া' গল্পে ছোটখাটো ভিড় জমে গেল কোথায়?
ক) আমতলায় খ) পুজা মণ্ডপে
গ) বাবলা তলায় ঘ) চণ্ডীমণ্ডপে

১২. ★ বাংলা ভাষায় কোন শব্দগুলোর নিজস্ব কোনো অর্থ নেই?
ক) অনুকার শব্দ খ) দ্বিরুক্ত শব্দ
গ) সাধিত শব্দ ঘ) ধ্বন্যাত্মক শব্দ

১৩. ★ 'মানবধর্ম' কবিতায় প্রকাশ পেয়েছে কবির—
ক) মনুষ্যত্ববোধ খ) বিবেকবোধ
গ) স্বাজাত্যবোধ ঘ) জীবনবোধ

১৪. ★ অনুকার ধ্বনিযোগে গঠিত শব্দ কোনটি?
ক) বলে বলে খ) মারধর
গ) ছল ছল ঘ) হারজিৎ

১৫. ১৯৫৪ সালের নির্বাচনে জয়লাভ করে কোন দল?
ক) মুসলিম লীগ খ) বামফ্রন্ট
গ) ঐক্যজোট ঘ) যুক্তফ্রন্ট

১৬. 'সে নিজে করে না, অন্যকে দিয়ে করায়' বাক্যটিতে কোন ধাতুর উদাহরণ আছে?
ক) নাম ধাতুর খ) ণিজন্ত ধাতুর
গ) সংস্কৃত ধাতুর ঘ) কর্মবাচ্যের ধাতুর

https://teachingbd24.com

১৭. ★ মনের দৃঢ় ইচ্ছাগুলো কোন কারণে পূরণ হয় না?

ক) দ্বিধা  খ) চিন্তা
গ) ভীরুতা  ঘ) হতাশা

১৮. সাপেক্ষ সর্বনামের উদাহরণ কোনটি?

ক) সমুদয়  খ) খোদ
গ) যা-তা  ঘ) সেগুলো

১৯. কবি প্রভুকে কী সঁপে দিতে চেয়েছেন ?

ক) ভক্তি  খ) স্তুতি
গ) সম্বল  ঘ) আঁখিজল

২০. ★ 'ইনী' প্রত্যয়যোগ করে স্ত্রীবাচক শব্দ গঠন করা যায় কোন শব্দের?

ক) ইন্দ্র  খ) গুণী
গ) জেলে  ঘ) শূদ্র

২১. খানুয়ার প্রান্তরে কার পতন হয়েছিল?

ক) দৌলত খাঁর  খ) চৌহানের
গ) ইব্রাহিম লোদির  ঘ) সংগ্রাম সিংহের

২২. ★ কোন শব্দে যুক্ত ব-ফলায় ব-এর উচ্চারণ বজায় থাকে?

ক) সন্ধিজাত শব্দে  খ) উপসর্গযুক্ত শব্দে
গ) সমাসসাধিত শব্দ  ঘ) প্রত্যয়সাধিত শব্দে

২৩. প্রয়োজনের চেয়েও সৌন্দর্যপ্রিয়তা প্রাধান্য পায় কোন লোকশিল্পে?

ক) শীতলপাটি  খ) জামদানি
গ) শিকা  ঘ) মাদুর

২৪. ★ ভাষার সর্বজনগ্রাহ্য ও সমকালের সর্বোচ্চ মার্জিত রূপকেই বলে—

ক) সাধু ভাষা রীতি  খ) প্রমিত ভাষা রীতি
গ) চলিত ভাষা রীতি  ঘ) উপভাষা রীতি

২৫. 'একবার মরে ভুলে গেছে আজ মৃত্যুর ভয় তারা'— উদ্দীপকের ভাবের সাথে সদৃশ্যপূর্ণ উক্তি কোনটি?

ক) আমরা ভাতে মারব, পানিতে মারব
খ) সাত কোটি মানুষকে দাবায়ে রাখতে পারবা না
গ) রক্ত যখন দিয়েছি, রক্ত আরও দেব
ঘ) এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম

২৬. 'সে পাস করে গেল'— কোন ক্রিয়ার উদারহণ?

ক) যৌগিক ক্রিয়ার  খ) অকর্মক ক্রিয়ার
গ) দ্বিকর্মক ক্রিয়ার  ঘ) সকর্মক ক্রিয়ার

**নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

বহু দেশে দেখিয়াছি, বহু নদ দলে
কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে
দুগ্ধ স্রোতরূপী তুমি জন্মভূমি স্তনে।

২৭. ★ উদ্দীপকে 'দুই বিঘা জমি' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?

ক) প্রকৃতি প্রীতি  খ) স্বাজাত্য প্রীতি
গ) স্বদেশপ্রীতি  ঘ) মর্ত্যপ্রীতি

২৮. ★ উক্ত ভাবটি ফুটে উঠেছে নিচের কোন চরণে?

ক) সন্ন্যাসী বেশে ফিরি দেশে দেশে
খ) কল্যাণময়ী ছিলে তুমি অয়ি, ক্ষুধাহরা সুধারাশি
গ) তবু নিশিদিনে ভুলিতে পারিনে সেই দুই বিঘা জমি
ঘ) পল্লব ঘন আম্রকানন রাখালের খেলাগেহ

২৯. কোনো কোনো ক্ষেত্রে সন্ধির বিসর্গ লোপ পায় না। নিচের কোনটি তার উদাহরণ?

ক) দুঃ+খ  খ) নমঃ+ করণ
গ) অহঃ+অহ  ঘ) অন্তঃ+ করণ

৩০. ★ 'তার উৎসাহই সবচেয়ে বেশি'— 'অতিথির স্মৃতি' গল্পে এ উৎসাহ কার?

ক) মালিনীর  খ) অতিথির
গ) চাকরদের  ঘ) পীড়িতদের

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | খ |

Teachingbd24.com